নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৪১ ২৭ নভেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে গবেষণা, বৈশ্বিক র‌্যাঙ্কিং এবং সরকারের নীতিনির্ধারকদের করণীয় শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয়ের গবেষণা, বৈশ্বিক র‌্যাঙ্কিং এবং সরকারি নীতিনির্ধারকদের করণীয় শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (২৭ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'ইম্প্যাক্টফুল রিসার্চ, গ্লোবাল র‌্যাঙ্কিং ফর ইউনিভার্সিটি এন্ড গভর্নমেন্ট পলিসি সাপোর্ট' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ আবু ইউসুফ। প্রশিক্ষণে প্রধান পৃষ্ঠপোষক ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ আবু ইউসুফ বলেন, ইন্ডাস্ট্রি, একাডেমিয়া ও রিসার্চ ইনস্টিটিউশনের মধ্যে সমন্বয় সাধন করতে হবে। রিসার্চের ক্ষেত্রে কমার্শিয়ালাইজেশন খুব গুরুত্বপূর্ণ বিষয়। এতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয়ের উৎস তৈরী হয়। এছাড়াও সরকারি ফান্ডের রিসার্চগুলোতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবদান রাখার সুযোগ রয়েছে। বর্তমানে গবেষণায় নোবিপ্রবি ভালো করছে। এ ধারা অব্যাহত রাখতে হবে।

তরুণ গবেষকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদের রিসার্চ যেনো সরকারের নীতি নির্ধারণে প্রভাব ফেলে। রিসার্চকে ল্যাব পর্যায় থেকে মার্কেট পর্যায়ে নিয়ে যেতে হবে। মনে রাখতে হবে, রিসার্চের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ম্যাথডোলজি। আপনাদের রিসার্চগুলো উচ্চমান সম্পন্ন জার্নালে প্রকাশ করুন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সচিবকে স্বাগত জানান। এ সময় তিনি বলেন, র‌্যাঙ্কিং নিয়ে বেশ কিছুদিন ধরে আমরা কাজ করছি। রিসার্চকে আমরা কিভাবে আরও ইম্প্যাক্টফুল করতে পারি এবং এক্ষেত্রে সরকারের পক্ষ থেকে কি ধরণের সহযোগিতা পেতে পারি তা নিয়ে কাজ করতে হবে। দেশ এবং বিশ্বের কল্যাণে আমাদের গবেষণা ক্ষেত্রকে আরও সমৃদ্ধ করতে হবে। রিসার্চ এবং র‌্যাঙ্কিং উভয় ক্ষেত্রেই সমস্যা ও সম্ভাবনা বিবেচনায় নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। আশাকরি আজকের এ প্রশিক্ষণ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উপাচার্য আরও বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা গ্লোবাল র‌্যাঙ্কিংয়ে আসতে পেরেছি। পরবর্তী পাঁচ বছরের মধ্যে আমরা বিশ্ব র‌্যাঙ্কিংয়ে সেরা ৫০০ এর মধ্যে আসার লক্ষ্য নিয়ে কাজ করছি।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। রিসোর্স পারসন হিসেবে ছিলেন নোবিপ্রবি সমুদ্র বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল মোমিন সিদ্দিকী ও ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফাহদ হুসাইন। প্রশিক্ষণে কোর্স ডাইরেক্টর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও প্রভোস্টবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪